তারিখ ... 24 APR 2017
পৃষ্ঠা 6 ... কলাম 2

প্রথম আলো

# শিক্ষার্থীদের সচেতন করতে কর্মশালা

## সড়ক দুর্ঘটনা প্রতিরোধ

রাজধানী প্রতিবেদক ●

সড়ক দুর্ঘটনা প্রতিরোধ, যানজট নিরসন ও মোটরযান আইন সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করতে গতকাল রোববার রাজধানীর দুটি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মশালা হয়েছে।

ঢাকা মহানগর পুলিশের ট্রাফিক বিভাগ (উত্তর) এই কর্মশালার আয়োজন করে। সকাল সাড়ে ৯টায় তেজগাঁওয়ের বিজি প্রেস হাইস্কুলে এবং দুপুর ১২টায় উত্তরার আই ই এস স্কুল অ্যান্ড কলেজে কর্মশালা শুরু হয়। কর্মশালার শুরুতে উপস্থিত শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের একটি প্রামাণ্যচিত্র দেখানো হয়। পরে রাস্তায় চলাচলের নিয়মকানুন সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়। এ ছাড়া সড়ক দুর্ঘটনা ও যানজটের কারণ এবং এগুলো নিরসনে করণীয় সম্পর্কে আলোচনা করা হয়।

আই ই এস স্কুল অ্যান্ড কলেজে প্রশিক্ষণ কর্মশালায় প্রধান বক্তা ছিলেন ঢাকা উত্তর ট্রাফিক বিভাগের উপপুলিশ কমিশনার প্রবীর কুমার রায়। তিনি বলেন, 'সড়ক দুর্ঘটনা হ্রাস ও ট্রাফিক আইন সম্পর্কে ছাত্রছাত্রীদের সচেতন করার লক্ষ্যে আমাদের এই আয়োজন। রাস্তা পারাপারের নিয়ম, ট্রাফিক ও মোটরযান আইন সম্পর্কে শিক্ষার্থীরা সচেতন হলে সমাজ সচেতন হবে। তখন সড়ক দুর্ঘটনা ও যানজটের পরিমাণ কমে আসবে।'

কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উত্তরা ট্রাফিক জোনের অতিরিক্ত উপপুলিশ কমিশনার মো. খোরশেদ আলম, উত্তরা ট্রাফিক জোনের জ্যেষ্ঠ সহকারী পুলিশ কমিশনার মো. জিন্নাত আলী মোল্লা, কলেজের অধ্যক্ষ মো. মনজুরুল হক।

তেজগাঁওয়ের কর্মশালায় প্রধান বক্তা ছিলেন গুলশান ট্রাফিক জোনের অতিরিক্ত উপপুলিশ কমিশনার মো. নাজমুল আলম। কর্মশালায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিল্পাঞ্চল ট্রাফিক জোনের জ্যেষ্ঠ সহকারী পুলিশ কমিশনার মো. মোবাশশির হাবীব খান।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর